ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৮৩২
খোয়াই, ২১ জুলাই, ২০২৫

**২০ আগস্ট থেকে ৫ সেপ্টেম্বর পর্যন্ত**
**খোয়াই জেলায় নেশামুক্তি বিষয়ক অভিযান**

আগামী ২০ আগস্ট থেকে ৫ সেপ্টেম্বর পর্যন্ত খোয়াই জেলায় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে নেশামুক্তি বিষয়ক অভিযান পরিচালনা করা হবে। এই অভিযানের অঙ্গ হিসেবে জেলার অন্তর্গত ১২টি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে নেশামুক্তি বিষয়ক সচেতনতা শিবির করা হবে। তেলিয়ামুড়া এবং খোয়াই মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা, স্বসহায়ক দলের সদস্য-সদস্যাদের নিয়ে নেশামুক্তি বিষয়ক সচেতনতা শিবির এবং পথনাটক করা হবে। কর্মসূচিকে সফল করে তুলতে তেলিয়ামুড়া এবং খোয়াই মহকুমায় সাইকেল র‍্যালি অনুষ্ঠিত হবে। আজ যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে জিলা পরিষদের কনফারেন্স হলে নেশামুক্তি বিষয়ক অভিযান সফল করে তুলতে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত)। বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, রাজ্যকে নেশামুক্ত রাখতে রাজ্য সরকার ব্যাপক উদ্যোগ নিয়েছে। তবে এই কাজে সমাজের সব অংশের মানুষকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে।

*****